



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৩৬৭

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

দুখলমৌ ফয়েজ হোসাইন ফাজিল মাদরাসা, ডাকঘরঃ দক্ষিণ দুখলমৌ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০২.০৪.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

**শর্তসমূহ :**

- ১) শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে শিক্ষকগণের ধারণা কম। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকগণের সম্মত ধারণা থাকতে হবে।
- ২) সকল ক্লাসরুমে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা করতে হবে।
- ৩) গ্রন্থাগারটি পরিপূর্ণ করতে বইয়ের সংখ্যা বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে বইয়ের নাম লিপিবদ্ধকরণ ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৪) শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের সংখ্যা ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৫) আইসিটি বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৬) মাদরাসার পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের আরো সচেতন করতে হবে।
- ৭) আরবিতে শিক্ষার্থীরা খুবই দুর্বল, ভবিষ্যতে বড় আলেম সৃষ্টিতে এই বিষয়টি বড় অন্তরায় হতে পারে বিধায় শিক্ষার্থীদের আরবি ভাষা শিক্ষার প্রতি উৎসাহিত করতে হবে।
- ৮) প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
- ৯) নির্মিত নতুন ভবনগুলোতে ছাত্রীদের জন্য কমনরুম, টয়লেট এবং আলাদা নামাজের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
- ১০) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

*[Signature]* 12.09.19

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

দুখলমৌ ফয়েজ হোসাইন ফাজিল মাদরাসা,  
ডাকঘরঃ দক্ষিণ দুখলমৌ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৩৬৭

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ  
১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, দুখলমৌ ফয়েজ হোসাইন ফাজিল মাদরাসা, ডাকঘরঃ দক্ষিণ দুখলমৌ, উপজেলাঃ বাকেরগঞ্জ, জেলাঃ বরিশাল।
- ৮। অফিস নথি।

*[Signature]* 12.09.19

সেকশন অফিসার  
মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধি/নবায়ন/ফাইল নং- বরিশাল-৫২